১

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

## কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

প্রকা/হিসাব(শাখা-১/কর শাখা-৩/২০১৮-২০১৯/ ৭০৪ (১২৫০) তারিখঃ ২১-০৫-২০১৯খ্রিঃ

১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয় ।
২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
৪। সকল বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
৫। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

***বিষয়ঃ কর বছর ২০১৯-২০২০ অর্থ বছর ২০১৮-২০১৯ এর বৈতনিক আয়ের উপর উৎসে আয়কর কর্তন প্রসংগে।***

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অন্যান্য বৎসরের ন্যায় এই বৎসরও ৩০ জুন, ২০১৯ তারিখে সমাপ্ত (২০১৮-২০১৯ অর্থবছরের জন্য) ব্যাংকে কর্মরত ও পিআরএল ভোগরত আয়কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীদের বৈতনিক আয়ের উপর আয়কর প্রদান করতে হবে।

০২। এমতাবস্থায়, অত্র বিভাগ কর্তৃক জারীকৃত ১৭-০৮-২০১৬খ্রিঃ তারিখের হিসাব মহাবিভাগ (হিসাব-১) পরিপত্র নং ২২/২০১৬ , ০৭-০৯-২০১৬খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/হিসাব-০১/কর শাখা-০৩/২০১৬-২০১৭/২৮৪ এবং ০৬-০৮-২০১৮ খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/হিসাব-১/কর শাখা-৩/২০১৮-২০১৯/৮৫(৬৩) এর নির্দেশনাসমূহ পরিপালনপূর্বক অর্থ বছর ২০১৮-২০১৯(কর বছর ২০১৯-২০২০) এর জন্য *এতদসংগে সংযুক্ত কম্পিউটেশন শীট* প্রত্যেক করদাতা কর্তৃক পুরণ করে নিজ নিজ বৈতনিক আয়কর নির্ধারণ করতে হবে।

০৩। কম্পিউটেশন শীটে নির্ধারিত নীট প্রদেয় বৈতনিক আয় কর হতে বছরের ১১ মাসে (জুলাই/১৮ হতে মে/১৯) কর্তনকৃত বৈতনিক আয় করের টাকা বাদ দিয়ে ***অবশিষ্ট টাকা জুন,২০১৯ ইং মাসের বেতন হতে কর্তন করতে হবে।***

০৪। কম্পিউটেশন শীট অনুযায়ী শুধু মাত্র অর্থ বছর ২০১৮-২০১৯ (কর বছর ২০১৯-২০২০) এর জন্য পরিশোধিত বৈতনিক আয়কর বাবদ কর্তনকৃত অবশিষ্ট টাকা পূর্বের ন্যায় শাখা/কার্যালয়সমূহ হতে সংগ্রহ করে অঞ্চলাধীন প্রধান শাখা কর্তৃক একীভূত ক্রেডিট এ্যাডভাইস ২৫-০৬-২০১৯খ্রিঃ তারিখের মধ্যে কুরিয়ার সার্ভিসযোগে অত্র বিভাগে অবশ্যই প্রেরন করতে হবে এবং একই তারিখে জুন/১৯ মাসের মাসিক আয়কর MITS (Monthly Income Tax Statement)এক্সেল ফরমেটে প্রস্তুতকরতঃ ই-মেইলযোগে অত্র বিভাগে প্রেরণ করতে হবে (dgmaccounts1@krishibank.org.bd)।

ক) ***কম্পিউটেশন শীট মোতাবেক সম্পূর্ণ কর কর্তনব্যতীত জুন মাসের বেতন প্রদান করা যাবে না। ব্যর্থতায় বেতন প্রদানকারী/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।***

খ) পিআরএল ভোগরত কর্মকর্তা/কর্মচারীদেরকেও আয়কর পরিশোধ করতে হবে।

৫। রেজিস্টার সংরক্ষণঃ প্রধান কার্যালয়ের প্রত্যেকটি বিভাগ, প্রত্যেকটি শাখা/কার্যালয় নিজ নিজ করদাতা কর্মকর্তা/কর্মচারীদের কর্তনকৃত আয়করের জন্য একটি বৈতনিক আয়কর রেজিস্টার নিম্নোক্ত ছক মোতাবেক সংরক্ষণ করতে হবে।

| ক্রঃনং | নাম | পদবী | পিএফ | ই-টিন | মাসের নাম | মূলবেতন | বোনাস/এক্সগ্রেসিয়া | মোট কর | বিনিয়োগ রেয়াত | কর্তনকৃত কর | সর্বমোট প্রদেয় কর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

০৬। *নিরীক্ষাকরন* ঃ সঠিকভাবে বৈতনিক আয়করের টাকা হিসাবায়ন/কর্তনপূর্বক সঠিক নিয়মে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ এ প্রেরণ করা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

০৭। কর পরিশোধের বিষয়টি এলপিসিতে উল্লেখ এবং প্রত্যয়নপত্র সংগ্রহকরণঃ কোন করদাতা কর্মকর্তা/কর্মচারী অর্থবছরের যে কোন সময়ে বদলীজনিত কারণে বর্তমান শাখা/কার্যালয়ে কত টাকা কর কর্তন করা হয়েছে তার (বিস্তারিত বিবরণসহ) প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে। তাছাড়াও কর কর্তনের বিষয়টি এলপিসিতে উল্লেখ করতে হবে।

০৮। ***প্রত্যেক করদাতা কর্মকর্তা/কর্মচারীকে নিজ নিজ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে কম্পিউটেশন শীট অনুযায়ী কর প্রদান সংক্রান্ত প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক সংযোজনী-গ মোতাবেক রিটার্ণের সাথে দাখিল করতে হবে।***

০৯। কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক ভুল কর বিবরণী (রিটার্ন) দাখিল করার কারণে কিংবা আদৌ কর বিবরণী দাখিল না করার কারণে বৈতনিক আয়কর কর্তৃপক্ষ কর্তৃক কোনরূপ জরিমানা আরোপিত হলে সংশ্লিষ্ট করদাতা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং পরিশোধ করতে বাধ্য থাকবেন। উল্লেখ্য, আয়কর অধ্যাদেশের ১৭৮(১) ধারা মতে Civil Procedure Code, ১৯০৮ অনুযায়ী সমন জারীর ব্যবস্থা নেয়ার বিধান আছে।

১০। উল্লেখিত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক এতদসঙ্গে প্রেরিত এক্সেল ফরমেটে বৈতনিক আয়করের চূড়ান্ত বিবরণী MITS (Monthly Income Tax Statement) পত্র নং প্রকা/হিসাব-১/করশাখা-৩/২০১৮-২০১৯/৮৫(৬৩), তারিখ ০৬-০৮-২০১৮খ্রিঃ এর

চলমান পাতা-২

নির্দেশনা মোতাবেক প্রস্তুত করে ৩১-০৭-২০১৯খ্রিঃ তারিখের মধ্যে ই-মেইল যোগে (dgmaccounts1@krishibank.org.bd.) প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১১। প্রসংগত উল্লেখ্য যে, ২০১৯-২০২০ করবছরের প্রকাশিতব্য আয়কর পরিপত্রে এতদসংক্রান্ত কোন পরিবর্তন, পরিবর্ধন বা পরিমার্জন থাকলে সে মোতাবেক ব্যবাস্থাদি গ্রহন করতে হবে।

১২। বৈতনিক আয়কর সংক্রান্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে অত্র বিভাগের নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলোঃ

১। *জনাব আরিফুর রহমান, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা-* *মোবাইলঃ ০১৭২৮-৭৭১৩৮৩*
২। *জনাব নাজমুল হুদা, উর্ধ্বতন কর্মকর্তা-* *মোবাইল ঃ ০১৯১১-৫৫৮৬১৭*

অনুমোদনক্রমে -

২১।০৫।১৯

(বেলাল আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তিঃ *বর্ণনামতে।*

প্রকা/হিসাব-০১/কর শাখা-০৩/২০১৮-২০১৯/ ৯০৪ (১২৫০) তারিখঃ -ঐ-

***সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ***

(১) চীফ স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
(২) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
(৩) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
(৪) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক/অধ্যক্ষ স্টাফ কলেজ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
(৫) সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি সংযুক্তিসহ ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকাকে অনুরোধ করা হলো।
(৬) নথি/মহানথি।

২৭.০৫.১৯

(খান তামজিদ আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক

সংযোজনী-'ক'
( কম্পিউটেশন সীট)

বাংলাদেশ কৃষি ব্যাংক
২০১৮-২০১৯ অর্থ বছরের (২০১৯-২০২০ আয়কর বছর) মোট বেতনিক
আয়ের উপর কর নির্ধারণ ও কর প্রদান বিবরণী (৩০ জুন, ২০১৯ পর্যন্ত)

নামঃ ......................................পিএফ নম্বর ................ পদবী ঃ ........................., ঠিকানাঃ..................................পিতা/স্বামীর নামঃ ............................... , মাতার নামঃ ..................................., আয়কর সার্কেল- ................আয়কর জোন- ............... ।

জাতীয় পরিচয়পত্র নং (যদি থাকে )
ই-টি আই এন নং

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |

| খাত | বিবরণ | টাকার পরিমাণ | |
|---|---|---|---|
| | | কর অব্যাহতি (পারকুইজিট) | করযোগ্য আয় |

(ক) আয়ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | মূল বেতন | | |
| ২। | ব্যক্তিগত ও মহার্ঘ ভাতা | | |
| ৩। | বাড়ী ভাড়া ভাতা | | |
| ৪। | বোনাস (উৎসব ও উৎসাহ)/এক্সগ্রেসিয়া | | |
| ৫। | চিকিৎসা ভাতা | | |
| ৬। | ব্যাংকের প্রদেয় ভবিষ্য তহবিলের চাঁদা (ভবিষ্য তহবিল গ্রহীতাদের ক্ষেত্রে) | | |
| ৭। | পুরস্কারঃ লক্ষ্যমাত্রা অর্জন/ব্যাংকিং ডিপ্লোমা ও অন্যান্য বৈশাখী ভাতা | | |
| ৮। | যাতায়াত ভাতাঃ সার্বক্ষনিক ব্যাংকের যানবাহন ব্যবহার করলে ব্যবহারকারীর মূল বেতনের ৫% কিন্তু ৬০,০০০/- টাকার কম নয় তা করযোগ্য আয়ের সাথে যোগ হবে | | |
| ৯। | আপ্যায়ন ভাতা (মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব) | | |
| ১০। | শিক্ষা সহায়ক ভাতা | | |
| | সর্বমোট বেতন আয় | | |

(খ) মোট আয়করের পরিমাণঃ

| | | |
|---|---|---|
| ১। | প্রথম ২,৫০,০০০/-টাকা পর্যন্ত মোট আয়ের উপর ০% হারে (পুরুষ)<br>প্রথম ৩,০০,০০০/-টাকা পর্যন্ত মোট আয়ের উপর ০% হারে (মহিলা)<br>প্রতিবন্ধি করদাতার ৪,০০,০০০/- টাকা পর্যন্ত আয়কর মুক্ত<br>গেজেটভূক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ৪,২৫০০০/-টাকা পর্যন্ত আয়কর মুক্ত<br>প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের জন্য কর মুক্ত সীমা ৫০,০০০/- বেশী হবে। | |
| ২। | পরবর্তী ৪,০০,০০০/-টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১০% হারে | |
| ৩। | পরবর্তী ৫,০০,০০০/-টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১৫% হারে | |
| ৪। | পরবর্তী ৬,০০,০০০/-টাকা পর্যন্ত মোট আয়ের উপর ২০% হারে | |
| ৫। | পরবর্তী ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ২৫% হারে | |
| ৬। | অবশিষ্ট মোট আয়ের উপর ৩০% হারে | |
| ৭। | সর্বমোট আয়ের উপর কর | |

(গ) অনুমোদনযোগ্য বিনিয়োগ রেয়াতের বিবরণঃ

| | | |
|---|---|---|
| ১। | ব্যাংক ও নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা(ভবিষ্য তহবিল গ্রহীতাদের ক্ষেত্রে) | |
| ২। | নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা(পেনশন গ্রহীতাদের ক্ষেত্রে) | |
| ৩। | জীবন বীমার প্রিমিয়াম (বীমাকৃত টাকার অনুর্ধ ১০%) | |
| ৪। | গোষ্ঠী বীমার প্রিমিয়াম | |
| ৫। | ডিপোজিট পেনশন স্কীম/ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সঞ্চয় স্কীমসমূহ (নিজ নামে চলতি বছরে সর্বোচ্চ ৬০ হাজার)। | |
| ৬। | যাকাত ফান্ডের চাঁদা (যাকাত ফান্ড অর্ডিন্যান্স-১৯৮২ অনুযায়ী) | |
| ৭। | প্রধান মন্ত্রীর উচ্চ শিক্ষা সহায়ক তহবিল/ত্রান তহবিল/রোহিঙ্গা সহায়তা তহবিল) | |
| ৮। | সঞ্চয় পত্র/আই,সি,বি,ইউনিট সার্টিফিকেট (চলতি বছরে নিজ নামে ক্রয়কৃত হতে হবে) | |
| ৯। | অনুমোদিত কোম্পানীর শেয়ার (প্রাইমারী/সেকেন্ডারী চলতি বছরে নিজ নামে ক্রয়কৃত হতে হবে) | |
| ১০। | অনুমোদিত বদান্য তহবিলের চাঁদা | |
| ১১। | ল্যাপটপ/কম্পিউটার ক্রয় (১.০০/০.৫০ লক্ষ টাকা সর্বোচ্চ, একাধিকবার দেখানো যাবে না।) | |
| ১২। | মুক্তি যুদ্ধ/জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠান | |
| | মোট রেয়াতযোগ্য বিনিয়োগ | |

(ঘ) অনুমোদনযোগ্য রেয়াতঃ

| | | |
|---|---|---|
| ১। | মোট করযোগ্য আয়ের ২৫% অথবা মোট বিনিয়োগ রেয়াত অথবা সর্বোচ্চ ১.৫০ কোটি টাকা এ তিনটির মধ্যে যাহা কম তাহাই অনুমোদনযোগ্য বিনিয়োগ রেয়াত | |
| ২। | ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের জন্য অনুমোদনযোগ্য বিনিয়োগ রেয়াতের উপর ১৫% কর রেয়াত পাবেন।<br>১০.০০লক্ষ টাকার অধীক কিন্তু ৩০.০০লক্ষ টাকা পর্যন্ত আয়ের ক্ষেত্রে অনুমোদনযোগ্য বিনিয়োগ রেয়াতের প্রথম ২.৫০ লক্ষ টাকার উপর ১৫% অনুমোদনযোগ্য বিনিয়োগ রেয়াতের অবশিষ্ট অংশের উপর ১২% হারে কর রেয়াত পাবেন।<br>৩০.০০ লক্ষ টাকার অধিক আয়ের ক্ষেত্রে অনুমোদনযোগ্য বিনিয়োগ রেয়াতের প্রথম ২.৫০ লক্ষ টাকার উপর ১৫% হারে ,অনুমোদনযোগ্য বিনিয়োগ রেয়াতের পরবর্তী ৫.০০ লক্ষ টাকার উপর ১২% হারে, অনুমোদনযোগ্য বিনিয়োগ রেয়াতের অবশিষ্ট অংশের উপর ১০% হারে কর রেয়াত পাবেন। | |

(ঙ) নীট প্রদেয় আয়করঃ

| | | |
|---|---|---|
| ৩। | প্রদেয় কর {(খ)৭- (ঘ)২}<br>সর্বনিম্ন প্রদেয় আয়কর কর্মক্ষেত্র এলাকাভিত্তিক হবে ৫,০০০/-(ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন), ৪,০০০/-,(অন্যান্য সিটি কর্পোরেশন), ৩,০০০/-(সিটি কর্পোরেশন ব্যতিত অন্যান্য এলাকা) | |

ব্যবস্থাপক/অফিস প্রধান এর স্বাক্ষর(সীলসহ)

করদাতার স্বাক্ষর (সীলসহ)/
মোবাইল নম্বর-

# MITS (Monthly Income Tax Statement)

## Bangladesh Krishi Bank

**CRM/RM/Divisional Office/ Office/Department Name:**

| | | | |
|---|---|---|---|
| **Region** | | Fiscal Year | 2018-19 |
| **Division** | | Tax Year | 2019-20 |
| **Month Name** | | | |

**Monthly Deduction Total** -

| Work Satation Information of Employee | | | | Basic Information of Employee | | | | | | | | | Tax Information of Employee | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Month Name | Division Name | Region Name | Branch/Croporate Br./CRM/RM/RAO/ Divisional Office/DAO/ Department/Office Name | SL No | Employee Name | Designation | PF No | E-Tin No. | NID No. | Mobile No. | Father Name | Mother Name | Basic Salary | Bonus | Exgratia | Total Tax Deducted This Year | Taxable Income | Allowable Rebate on Investment (ঘ-১) | Total Income tax | Total Rebate (ঘ-২) | Tax Payable | Tax Circle | Tax Zone |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 |
| - | - | - | | 1 | | | | | | | | | | | | | | | | | | | |
| - | - | - | | 2 | | | | | | | | | | | | | | | | | | | |
| - | - | - | | 3 | | | | | | | | | | | | | | | | | | | |
| - | - | - | | 4 | | | | | | | | | | | | | | | | | | | |
| - | - | - | | 5 | | | | | | | | | | | | | | | | | | | |
| - | - | - | | 6 | | | | | | | | | | | | | | | | | | | |

## বৈতনিক আয়করের এক্সেল ফরম্যাট পুরণের নির্দেশিকা

১। ক) MITS (Monthly Income Tax Statement) এক্সেল প্রতিবেদনটি অবশ্যই ইংরেজিতে পূরণ করতে হবে।
খ) MITS (Monthly Income Tax Statement) এক্সেল প্রতিবেদনটিতে জুলাই হতে মে মাস পর্যন্ত মাসিক বেতন হতে কর্তনকৃত আয়করের তথ্য পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে এবং জুন মাসের বেতন হতে কর্তনকৃত আয়করের তথ্য ২২ জুনের মধ্যে অত্র বিভাগের ই-মেইল ঠিকানায় (dgmaccounst1@krishibank.org.bd) প্রেরণে নিশ্চিত করাসহ ঐ একই তারিখে এ্যাডভাইস কুরিয়ারযোগে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করতে হবে।

২। তথ্য পুরণের শুরুতেই প্রতিমাসের MITS এক্সেল ফরমেট প্রতিবেদনটি Save as করে চলতি মাসের তথ্য প্রেরণের জন্য ব্যবহার করতে হবে। অত্র বিভাগে প্রেরণকৃত প্রতি মাসের ফাইলের নামটি মাসের নাম+মুখ্য অঞ্চল/অঞ্চল/বিভাগের নামে দিতে হবে। যেমনঃ যদি ঢাকা মুখ্য অঞ্চল জুলাই মাসের তথ্য প্রেরণ করে তবে ফাইলের নাম হবে ঃ **JULYDHAKACRM.xls**
যেমনঃ যদি ঢাকা বিভাগীয় কার্যালয় জুলাই মাসের তথ্য প্রেরণ করে তবে ফাইলের নাম হবে ঃ **JULYDHAKADIV.xls**

৩। ক) কলাম (১-৩) ঃ MITS এর শিরোনামে হলুদ চিহ্নিত ঘরগুলো পুরণ করলে স্বয়ংক্রিয়ভাবে ১-৩ কলাম পুরণ হয়ে যাবে।
খ) কলাম (৪) ঃ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর কর্মস্থলের নাম আবশ্যিকভাবে পুরণ করতে হবে। কোনভাবেই এ কলাম খালি রাখা যাবে না।
গ) কলাম (৫) ঃ স্বয়ংক্রিয়ভাবে পুরণ করা থাকবে বিধায় এটি পুরণ করার প্রয়োজন নেই (১-৪০০ সিরিয়াল স্বয়ক্রিয়ভাবে দেয়া আছে)।
ঘ) কলাম (৬-১৩) ঃ সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর মৌলিক তথ্যাদি আবশ্যিকভাবে পুরণ করতে হবে।
ঙ) কলাম (১৪) ঃ কর্মকর্তা/ কর্মচারীর সংশ্লিষ্ট মাসের মূল বেতন দ্বারা কলামটি পুরণ করতে হবে।
চ) কলাম (১৫-১৬) ঃ সংশ্লিষ্ট অর্থ বছরে প্রাপ্ত বোনাস ও এক্সগ্রেসিয়ার তথ্য জুন মাসের প্রতিবেদনে প্রদান করতে হবে।
ছ) কলাম (১৭) ঃ সংশ্লিষ্ট মাসের বেতন হতে কর্তনকৃত আয়কর উল্লেখ করতে হবে।
**জ) কলাম (১৮-২৪)ঃ সংশ্লিষ্ট অর্থ বছরের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর কম্পিউটেশন শীটের তথ্যের ভিত্তিতে চুড়ান্ত প্রতিবেদন তৈরী করার সময় কলামগুলো পুরণ করতে হবে। যা প্রতি বছরের ৩১ জুলাই এর মধ্যে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।**

৪। **আয়করের চুড়ান্ত প্রতিবেদন প্রতি বছরের ৩১ জুলাই এর মধ্যে প্রেরণ করতে হবে। চুড়ান্ত প্রতিবেদন প্রেরণের সময় সকল কলাম (১-২৪) অবশ্যই পুরণ করতে হবে। তবে ১ নং কলামে মাসের নাম July-June লিখতে হবে, ১৪ নং কলামে সংশ্লিষ্ট অর্থ বছরের ১২ মাসের মোট মূল বেতন উল্লেখ করতে হবে। ১৭ নং কলামে সংশ্লিষ্ট অর্থ বছরের মোট কর্তনকৃত আয়করের পরিমাণ উল্লেখ করতে হবে।**

৫। ক) শাখা; করদাতা কর্মকর্তা/কর্মচারীদের মাসিক বেতন হতে কর্তনকৃত আয়কর এর ক্রেডিট এ্যাডভাইস অঞ্চলাধীন প্রধান শাখার উপর ইস্যুপূর্বক বিবরনীসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় নিজ কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও অঞ্চল প্রধান শাখার করদাতা কর্মকর্তা/কর্মচারীদের আয়করসহ শাখাসমূহ হতে প্রাপ্ত এ্যাডভাইস একীভূত করে সাড়া প্রদানপূর্বক একটি মাত্র ক্রেডিট এ্যাডভাইস কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর উপর ইস্যু করতঃ একীভূত MITS এক্সেল ফরমেট বিবরণী ইমেইলের (dgmaccounst1@krishibank.org.bd) মাধ্যমে বর্ণিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করবেন। কোনক্রমেই শাখা আলাদাভাবে কোন প্রতিবেদন/এ্যাডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন না।

খ) বিভাগাধীন কর্পোরেট শাখাসমূহ বিভাগীয় কার্যালয়ের বেতন প্রদানকারী শাখার উপর এ্যাডভাইস ইস্যুপূর্বক বিবরনীসহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয় নিজ কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় করদাতা কর্মকর্তা/কর্মচারীদের আয়করসহ কর্পোরেট শাখাসমূহ হতে প্রাপ্ত এ্যাডভাইসসমূহ একীভূত করে সাড়া প্রদানপূর্বক একটি মাত্র ক্রেডিট এ্যাডভাইস কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর উপর ইস্যু করতঃ একীভূত MITS এক্সেল ফরমেট বিবরণী ইমেইলের (dgmaccounst1@krishibank. org.bd) মাধ্যমে বর্ণিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করবেন। কোনক্রমেই কর্পোরেট শাখা আলাদাভাবে কোন প্রতিবেদন/ এ্যাডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন না।
গ) স্থানীয় মুখ্য কার্যালয় বৈতনিক আয়করের এ্যাডভাইস কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর উপর ইস্যু করতঃ MITS এক্সেল ফরমেট বিবরণী ইমেইলের (dgmaccounst1@krishibank.org.bd) মাধ্যমে বর্ণিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করবেন।

৬। কোন কার্যালয় MITS এক্সেল ফরমেট বিবরণী ব্যতীত অন্য কোন ফরমেটে প্রতিবেদন প্রেরণ করবেন না।

৭। প্রেরিত আয়করের এ্যাডভাইসের টাকার অংকের সাথে MITS প্রতিবেদনের শিরোনামে Monthly Deduction Total ঘরে উল্লেখিত টাকার অংকের অবশ্যই মিল থাকতে হবে। উল্লেখ্য কলাম নং ১৬ এর মোট যোগফল স্বয়ংক্রিয়ভাবে উক্ত ঘরের সাথে মিলে যাবে। কোনক্রমেই অমিল রেখে প্রতিবেদন প্রেরণ করা যাবে না।

৮। বর্ণিত প্রতিবেদনটি চলতি অর্থবছরের (২০১৮-২০১৯) জুলাই মাস থেকে কার্যকর হবে।

৯। এতদসংক্রান্ত বিষয়ে যোগাযোগঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব আরিফুর রহমান | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | ০১৭২৮-৭৭১৩৮৩ |
| ২। | " নাজমুল হুদা | উর্ধ্বতন কর্মকর্তা | ০১৭৩৯-৮৬৬৮৭৮ |
| ৩। | " মোঃ ফয়সাল হোসেন নিপু | ডাটা এন্ট্রি পরিদর্শক | ০১৯১১-৯৯২২৩৩ |

# বাংলাদেশ কৃষি ব্যাংক

সংযোজনী-'গ'

............................................... কার্যালয়/শাখা

বৈতনিক আয়খাতে কর্তনকৃত আয়করের প্রত্যয়নপত্র ৩০-০৬-২০১৯ তারিখ ভিত্তিক

| কর্মকর্তা/কর্মচারীর নাম | পিএফ নম্বর | কার্যালয়/ শাখা | পদবী | টিআইএন নম্বর | কর্তনকৃত করের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

তারিখঃ

উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষরঃ
নামঃ
পদবী ঃ